দৈনিক
আমাদের সময়

29 JAN 2017

# বিস্কুট দৌড়ে ময়দার পরিবর্তে চুন খেয়ে ১২ স্কুলছাত্রী অসুস্থ

উলিপুর সংবাদদাতা •

কুড়িগ্রামের উলিপুর সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়ে বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতা
চলার সময় ময়দার পরিবর্তে চুন খেয়ে ১২ শিক্ষার্থী অসুস্থ হয়েছে। তাদের
উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ভর্তি করা হয়েছে। গুরুতর অসুস্থ এক শিক্ষার্থীকে
কুড়িগ্রাম সদর হাসপাতালে প্রেরণ করা হয়েছে। গতকাল শনিবার দুপুরে এ ঘটনা
ঘটে। জানা গেছে, উক্ত বিদ্যালয়ে সকালে উপজেলা নির্বাহী কর্মকর্তা মুহাম্মদ
শফিকুল ইসলাম বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতা উদ্বোধন করেন। প্রতিযোগিতা
চলাকালীন সপ্তম শ্রেণির শিক্ষার্থীদের বিস্কুট দৌড় শুরু হলে ময়দার পরিবর্তে চুন
সরবরাহ করা হয়। এ সময় পিছনে হাত বাঁধা অবস্থায় প্রতিযোগী শিক্ষার্থীরা চুন
দিয়ে ঢেকে রাখা বিস্কুট ফুঁ দিয়ে মুখে নিলে তাদের মুখ পুড়ে যায়।
তাৎক্ষণিকভাবে অসুস্থ ১২ জনকে উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ভর্তি করা হয়।
তাদের মধ্যে মনি নামের এক শিক্ষার্থীর চোখ ও মুখ চুন দ্বারা মারাত্মকভাবে
আক্রান্ত হওয়ায় তাকে কুড়িগ্রাম সদর হাসপাতালে প্রেরণ করা হয়েছে। সপ্তম
শ্রেণির আহত অপর শিক্ষার্থীরা হচ্ছে– রিফাত নানজিবা, তৌফিকা হক, নিশাত
তাজরীন, বর্ষা, বর্ণ, মৌমিতা, রুকাইয়া জাহান, অনামিকা ও মনিরা জান্নাত মিম।
এ ছাড়া দুই শিক্ষার্থীকে প্রাথমিক চিকিৎসার পর ছেড়ে দেওয়া হয়েছে। ওই
বিদ্যালয়ের প্রধান শিক্ষক রীতা সরকার জানান, অসাবধানতাবশত স্বেচ্ছাসেবী
শিক্ষার্থীরা ময়দার সঙ্গে চুন মিশিয়ে ফেলায় এ দুর্ঘটনাটি ঘটেছে। অসুস্থ
শিক্ষার্থীদের চিকিৎসার ব্যবস্থা করা হয়েছে।

উলিপুর উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা ডা. আব্দুল হামিদ
সরকার জানান, অসুস্থ শিক্ষার্থীদের চিকিৎসা চলছে, তাদের মধ্যে একজনকে
কুড়িগ্রাম সদর হাসপাতালে পাঠানো হয়েছে। উপজেলা নির্বাহী কর্মকর্তা মুহাম্মদ
শফিকুল ইসলাম বলেন, অনুষ্ঠান উদ্বোধন করেই তিনি জেলা প্রশাসকের
কার্যালয়ে চলে যান। বিষয়টি তাকে জানানো হয়নি। খোঁজ নিয়ে ব্যবস্থা নেবেন
বলে জানান তিনি।